# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৯. ৪. ১৯. আতঙ্ক ও সন্ত্রাস বাইবেলীয় যুদ্ধের একটা লক্ষ্য

নিরুদ্বিগ্ন, নির্বিবাদী দেশ, জাতি বা জনপদকে আতঙ্কিত ও সন্ত্রস্ত করা বাইবেলের যুদ্ধের বা বাইবেলীয় ঈশ্বরের অন্যতম উদ্দেশ্য। এ প্রসঙ্গে বাইবেল বলছে: "সেই দিন আরামে থাকা ইথিওপিয়াকে ভয় দেখাবার জন্য সংবাদ বহনকারীরা আমার হুকুমে জাহাজে করে বের হয়ে যাবে।" (ইহিস্কেল ৩০/৯)

ইংরেজি "KJV: to make the careless Ethiopians afraid; RSV: to terrify the unsuspecting Ethiopians: নিরুদ্বিগ্ন ইথিওপীয়দেরকে সন্ত্রস্ত করার জন্য।"

বাইবেল অন্যত্র বলেছে: "অদ্যাবধি আমি সমস্ত আকাশম-লের নীচে স্থিত জাতিগণের উপরে তোমা হইতে আশঙ্কা ও ভয় স্থাপন করিতে আরম্ভ করিব; তাহারা তোমার সমাচার পাইবে, ও তোমার ভয়ে কম্পমান ও ব্যথিত হইবে।" কি. মো.-০৬: "আজ থেকে আমি দুনিয়ার সমস্ত জাতির মধ্যে তোমাদের সম্বন্ধে একটা ভয়ের ভাব ও কাঁপুনি ধরাতে শুরু করব। তারা তোমাদের কথা শুনলে কাঁপতে থাকবে এবং তোমাদের দরুন তাদের মনে ভীষণ দুশ্চিন্তা জাগবে।" (দ্বিতীয় বিবরণ ২/২৫)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14573

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন